


# বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং: ৪৩.২২.০০০০.০১২.০৩.০০১.২৬/৪৯

তারিখ: ০১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

**প্রতি মঙ্গলবার 'চিলড্রেন ডে' উপলক্ষ্যে শিক্ষার্থীদের বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনের আমন্ত্রণ।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিশু-কিশোরদের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সঙ্গে পরিচিত করার পাশাপাশি তাদের জ্ঞান, মনন ও সৃজনশীলতার বিকাশে বাংলাদেশ জাতীয় জাদুঘর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অভিলক্ষ্য পূরণ ও শিশু-বান্ধব জাদুঘর গড়ে তোলার উদ্দেশ্যে প্রতি মঙ্গলবার 'চিলড্রেন ডে' ঘোষণা করা হয়েছে।

'চিলড্রেন ডে' উপলক্ষ্যে প্রতি মঙ্গলবার দিনব্যাপী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনের সুযোগ প্রদান করা হয়েছে। এদিন জাদুঘরের বিভিন্ন গ্যালারিতে সংরক্ষিত ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক, সাংস্কৃতিক ও মুক্তিযুদ্ধভিত্তিক নিদর্শন পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলাদেশের গৌরবময় ইতিহাস, সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ লাভ করবে।

এমতাবস্থায়, দেশের সকল সরকারি, বেসরকারি ও স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনে উৎসাহিত করা এবং দলীয়ভাবে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| | | | |
|---|---|---|---|
| (১) | যাদের জন্য প্রযোজ্য | : | **শিক্ষার্থী (শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত) ও সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ** |
| (২) | প্রবেশমূল্য | : | বিনামূল্যে |
| (৩) | পরিদর্শনের দিন | : | **প্রতি মঙ্গলবার (সকাল ১০.৩০ মিনিট থেকে বিকেল ৪.৩০ মিনিট পর্যন্ত)** |
| (৪) | পরিদর্শনের স্থান | : | **বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০** |
| (৫) | পরিদর্শনের সময় | : | **বাংলাদেশ জাতীয় জাদুঘর সময়সূচী অনুযায়ী** |
| (৬) | যোগাযোগ ঠিকানা | : | **শিক্ষা অফিসার, মোবা: ০১৮৬৭৭৪২৪৩১, ০১৭১১-২৮১২১৩।** |

16/8/26
**মহাপরিচালক**
বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।